ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৪১৮
মোহনপুর, ১৮ আগস্ট, ২০২৫

**বৃক্ষরোপন কর্মসূচিতে অংশ নিতে সবার প্রতি আহ্বান জানালেন কৃষিমন্ত্রী**

বৃক্ষরোপন কর্মসূচি শুধু বনায়ণই নয়, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সম্মিলিত চেতনার প্রতীক। পৃথিবীর তাপমাত্রা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। তাই বন ধ্বংস রোধ করার পাশাপাশি আরও বেশি করে গাছ লাগাতে হবে। প্রকৃতির ভারসাম্য রক্ষা করতে হবে। পারিবারিক অনুষ্ঠানে, ছেলেমেয়ের নামে, মা বাবার নামে গাছ লাগাতে হবে। আজ স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের মাঠে মেগা বৃক্ষরোপন কর্মসূচিতে বক্তব্য রাখতে গিয়ে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। মোহনপুরের স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের সহযোগিতায় রোটারি ক্লাব অফ অ্যাসপায়ারিং আগরতলার উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচি অনুষ্ঠিত হয়। কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ বৃক্ষরোপন কর্মসূচিতে অংশ নিতে সবার প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রোটারি ক্লাব অফ অ্যাসপায়ারিং আগরতলার সভাপতি ড. দামোদর চ্যাটার্জি, সচিব ঝুমুর বণিক সেনগুপ্ত, স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. হারাধন সাহা, মোহনপুর পুর পরিষদের কাউন্সিলার কার্তিক আচার্য প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ কলেজ প্রাঙ্গণে বৃক্ষরোপন করেন। কৃষিমন্ত্রী কলেজের ছাত্রছাত্রীদের সঙ্গে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন।

*******